দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

122

# রাজশাহী ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে সবুজ প্যানেলের জয়

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী, ১৫ জানুয়ারী।- রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদ এবং ডীন, সিন্ডিকেটসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নির্বাচনে বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী প্যানেল নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে।

শিক্ষক সমিতির কার্যকরী পরিষদে ১৬টি পদের মধ্যে সবুজ প্যানেল সভাপতি ও কোষাধ্যক্ষসহ ১৩টি পদে এবং আওয়ামী লীগ বাম সমর্থিত হলুদ প্যানেল সাধারণ সম্পাদক, যুগ্ম সম্পাদক ও একটি সদস্য পদে নির্বাচিত হয়।

এছাড়া ৬টি অনুষদ ডিনের মধ্যে ৩টিতে সবুজ প্যানেল ও ৩টিতে হলুদ প্যানেল নির্বাচিত হয়। সিন্ডিকেট শিক্ষা পরিষদ ও ফাইন্যান্স কমিটির ১২টি পদের সবকটিতেই সবুজ প্যানেল জয়লাভ করে। পরিকল্পনা ও উন্নয়ন কমিটির একটি পদে হলুদ প্যানেল থেকে নির্বাচিত হয়।

শিক্ষক সমিতির সভাপতি পদে নির্বাচিত হয়েছেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম। তিনি পেয়েছেন ২৩৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হলুদ প্যানেলের প্রযুক্তি বিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক শহিদুল ইসলাম পেয়েছেন ২৩২ ভোট।

সাধারণ সম্পাদক পদে ২৪৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন সমাজ বিজ্ঞানের প্রফেসর ডঃ মিজানউদ্দীন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী সবুজ প্যানেলের লোকপ্রশাসন বিভাগের ডঃ এ টি এম ওয়ায়দুল্লাহ পেয়েছেন ২২১ ভোট।

কলা অনুষদের ডীন নির্বাচিত হয়েছেন বাংলার প্রফেসর ডঃ আব্দুল খালেদ মিয়া, সমাজ বিজ্ঞানের ডীন হয়েছেন ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্সের মোঃ সাইদুর রহমান খান, ব্যবসায় ও বাণিজ্য অনুষদে হিসাব বিজ্ঞানের মোঃ হাবিবুর রহমান আকন্দ, বিজ্ঞান অনুষদে পদার্থ বিজ্ঞানের এস কিউ জি মাহতাব ওয়ালী, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদে প্রাণিবিদ্যার মোঃ আব্দুস সালাম এবং আইন অনুষদে ফয়েজউদ্দীন (বিনা প্রতিদ্বন্দ্বিতায়)।

সিন্ডিকেট নির্বাচিত শিক্ষক প্রতিনিধিরা হলেন, প্রাধ্যক্ষ ক্যাটাগরির এম কোরবান আলী, প্রফেসর ক্যাটাগরি ফাইসুল ইসলাম ফারুকী, সহযোগী অধ্যাপক ক্যাটাগরির নূর মোহাম্মদ, সহকারী অধ্যাপক ক্যাটাগরির কাজী ছাইদুল ইসলাম, প্রভাষক ক্যাটাগরির ইউনুস আহমদ খান।